যুগান্তর

তারিখ ... 12 NOV 2017
পৃষ্ঠা ... কলাম ...

ঢাবির ৫২৫ মেধাবীকে বৃত্তি

# প্রজন্মকে এগিয়ে নিতে সুযোগ নিশ্চিত করার আহ্বান স্পিকারের

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, তরুণ প্রজন্মকে যখন এগিয়ে নেয়ার কথা হচ্ছে, যখন অন্তর্ভুক্তিমূলক গণতন্ত্রের কথা বলা হচ্ছে, তখন আমাদের অবশ্যই তরুণ প্রজন্মের জন্য যথাযথ সুযোগ তৈরির বিষয়টিকে প্রাধান্য দিতে হবে। সেটা সব পর্যায়ে। সে ক্ষেত্রে সরকার যে উদ্যোগ গ্রহণ করছে তার পাশাপাশি ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানগুলোও যদি এগিয়ে আসে তাহলে আমাদের দেশে কোনো শিক্ষার্থী শিক্ষা গ্রহণের সুযোগ থেকে বঞ্চিত হবে না।

শনিবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। 'শিক্ষা ও সামাজিক উদ্যোগের জন্য বৃত্তি' এই লক্ষ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন (ডুয়া) বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। গত ১০ বছরের মতো এ বছর বিভিন্ন বিভাগের ৫২৫ মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হয়। প্রতি মাসে দুই হাজার ৫০০ টাকা করে চার বছর ধরে এ বৃত্তি পাবে শিক্ষার্থীরা। গত বছর ৭০৪ জন শিক্ষার্থীকে এ বৃত্তি দেয়া হয়েছিল।

ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভিসি ও ডুয়ার প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড: মো. আখতারুজ্জামান, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরী, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমেদ মজুমদার, এসিআই লিমিটেডের চেয়ারম্যান এম আনিস উদ-দৌলা, ইস্টার্ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও আলী রেজা ইফতেখার প্রমুখ। শিরীন শারমিন চৌধুরী বলেন, তথ্যপ্রযুক্তিসম্পন্ন আধুনিক শিক্ষায় শিক্ষিত হওয়া এবং বিশেষ করে শুধু জ্ঞাননির্ভরই নয় বরং বিশেষায়িত শিক্ষা অর্জন করতে হবে। সেই সঙ্গে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের মধ্য দিয়ে নিজেদের দক্ষতা বৃদ্ধি করা এখন অত্যন্ত জরুরি একটি বিষয়।